



## ৭নং বাটইয়া ইউনিয়ন পরিষদ কার্যালয়

ডাকঘরঃ ৮ বাটইয়া, উপজেলাঃ কবিরহাট, জেলাঃ নোয়াখালী।

ওয়েবঃ- batoiyaup.noakhali.gov.bd

স্মারক নং-৭৫/০১/৪৭/২৩/২০১৮-

তারিখঃ.....

### গ্রাম পুলিশ (মহল্লাদার) পদে নিয়োগ বিজ্ঞপ্তি

কবিরহাট উপজেলাধীন ৭নং বাটইয়া ইউনিয়নের ৮নং ওয়ার্ডে মহল্লাদার পদে ০১ (এক) জন লোক নিয়োগের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে।


ক্রঃনং	ইউনিয়নের নাম	ওয়ার্ড নং	শূন্য পদের সংখ্যা	বেতন
০১	৭নং বাটইয়া ইউ, পি	০৮	০১	মোট -৩০০০ টাকা ( সরকারি অংশ ১৫০০ টাকা এবং ইউনিয়ন পরিষদ অংশ ১৫০০ টাকা)

#### শর্তবলী :-

- ০১। প্রার্থীকে নির্ধারিত নমুনা অনুসরন পূর্বক চেয়ারম্যান ৭নং বাটইয়া ইউনিয়ন পরিষদ বরাবর স্বত্ত্বতে লিখিত আবেদন দাখিল করতে হবে। নমুনা আবেদন পত্র এ বিজ্ঞপ্তি শেষে দেয়া হলো।
- ০২। আগামী ২৫/০২/২০১৮ ইং তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি উপস্থিত হয়ে আবেদন দাখিল করতে হবে।
- ০৩। প্রার্থীর বয়স ১৮ বছর হতে ৩০ বছরের মধ্যে হতে হবে (৩১/১২/২০১৭ তারিখে)।
- ০৪। প্রার্থীকে অবশ্যই কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র সার্টিফিকেট বা সমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ০৫। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ওয়ার্ডেও স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে কোন কারণে সংশ্লিষ্ট ওয়ার্ড হতে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট ইউনিয়নের পার্শ্ববর্তী ওয়ার্ড হতে নিয়োগ করা হবে।
- ০৬। প্রার্থীকে অবশ্যই নিম্নবর্ণিত শরীরিক যোগ্যতা সম্পন্ন হতে হবে :-

প্রার্থী	সর্বনিম্ন উচ্চতা	সর্বনিম্ন ওজন	সর্বনিম্ন বুকের মাপ	
			স্বাভাবিক অবস্থায়	গম্পসারিত অবস্থায়
পুরুষ	৫ফুট ২ ইঞ্চি	৫০ কেজি	৩০ ইঞ্চি	৩২ ইঞ্চি
মহিলা	৫ফুট	৪৫ কেজি	২৮ ইঞ্চি	৩০ ইঞ্চি

- ০৭। আবেদনের সাথে ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদেও সত্যায়িত অনুলিপি, প্রার্থী সংশ্লিষ্ট ওয়ার্ড/ইউনিয়নের স্থায়ী বাসিন্দা মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদেও মূলকপি, বয়সের প্রমাণ স্বরূপ জম্ম সনদ ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি সহ দাখিল করতে হবে।
- ০৮। এই নিয়োগের ক্ষেত্রে যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসর প্রাপ্ত গ্রাম পুলিশ (মহল্লাদার) এর পুত্র/কন্যা বা প্রত্যেক পোষ্যদেও অগ্রাধিকার দেওয়া হবে।
- ০৯। এই নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত কোটা পদ্ধতি সম্পর্কিত নির্দেশাবলী যতদূর সম্ভব অনুসরন করা হবে।
- ১০। এই নিয়োগের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তিতে উল্লেখ নেই এমন বিষয়ের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ৪ মে ২০১৫ তারিখে জারীকৃত স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এবং ১৫ নভেম্বর ২০১৬ এর শংশোধিত বিধানাবলী ও সরকার কর্তৃক জারীকৃত এবং বর্তমানে বলবৎ আছে এমন অন্যান্য বিধানাবলী অনুসরন করা হবে।

  
 মোঃমিজানুর রহমান  
 চেয়ারম্যান  
 ৭নং বাটইয়া ইউনিয়ন পরিষদ  
 ৭নং বাটইয়া ইউনিয়ন পরিষদ  
 কবিরহাট, নোয়াখালী।